# 36883 - মুযদালিফার পথে ও মুযদালিফাতে যে ভুলগুলো হয়ে থাকে

প্রশ্ন

মুযদালিফার উদ্দেশ্যে যাওয়ার পথে আমাদেরকে কি কি ত্রুটি থেকে বেঁচে থাকার উপদেশ দিবেন?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

শাইখ উছাইমীন (রহঃ) বলেন: আরাফার ময়দান থেকে মুযদালিফায় আসার ক্ষেত্রে যে ভুলগুলো ঘটে থাকে এগুলোর মধ্যে রয়েছে:

এক:

আরাফা থেকে মুযদালিফাতে আসার সময় হাজীসাহেবগণ একে অপরের সাথে ধাক্কাধাক্কি করা। অতি দ্রুত চলা; যার ফলে কখনও কখনও গাড়ীর সাথে এক্সিডেন্ট হয়। অথচ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরাফার ময়দান থেকে ধীরস্থিরে রওয়ানা হয়েছেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রওয়ানা হওয়ার পর তাঁর উটনী 'কাসওয়া' এর লাগাম টেনে ধরে তাঁর সম্মানিত হাত দিয়ে বলছেন: ওহে ভাইসব! ধীরে চলুন, ধীরে চলুন। তবে তা সত্ত্বেও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখনি খালি জায়গা পেয়েছেন দ্রুত চলছেন। যখন কোন টিলা পার হতেন তখন উটের লাগাম ঢিলে করে দিতেন, যাতে করে উটনীটি উপরে উঠতে পারে। অর্থাৎ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম চলার ক্ষেত্রে পরিস্থিতি বিবেচনায় রাখতেন। কিন্তু, যখন বিষয়টি এমন হবে যে, জোরে চলা উত্তম; নাকি আস্তে চলা; সেক্ষেত্রে আস্তে চলাই উত্তম।

দুই:

কিছু কিছু মানুষ মুযদালিফাতে না পৌঁছেই অবস্থান গ্রহণ করেন। বিশেষতঃ যারা হেঁটে হেঁটে যান তারা। হাঁটতে হাঁটতে তারা ক্লান্ত-শ্রান্ত হয়ে অক্ষম হয়ে পড়েন। যার ফলে তারা মুযদালিফাতে পৌঁছার আগেই অবস্থান গ্রহণ করেন। ফজরের নামায আদায় করা পর্যন্ত তারা সেখানে থেকে যান। এরপর তারা সেখান থেকে মীনার উদ্দেশ্যে গমন করেন। যে ব্যক্তি এমনটি করেছে তার মুযদালিফাতে রাত্রি যাপন ছুটে গেছে। এটি খুবই জঘন্য বিষয়। কারণ মুযদালিফাতে রাত্রি যাপন কোন কোন আলেমের মতে, হজ্জের একটি রুকন। জমহুর আলেমের মতে, এটি হজ্জের একটি ওয়াজিব। আর কোন কোন আলেমের মতে, এটি সুন্নত। সঠিক অভিমত হচ্ছে- এটি ওয়াজিব এবং হাজীসাহেবের কর্তব্য হচ্ছে- মুযদালিফাতে রাত্রি যাপন করা এবং

শরয়িতপ্রণতো যে নর্িদষি্ট সময়রে আগে মুযদালফিা ত্যাগ করার অনুমত িদয়েন িস েসময়রে আগ েমুযদালফিা ত্যাগ না করা। অচরিইে স েআলোচনা আসব।ে

তনি:

কছিু কছিু মানুষ মুযদালফিাত েপৌঁছার আগ েপথমিধ্য েসাধারণ অবস্থার মত মাগরবি ও এশার নামায আদায় কর েফলনে; এটি সুন্নতরে বরখলোফ। কনেনা নবী সাল্লাল্লাহু আলাইহ িওয়া সাল্লাম যখন পথমিধ্য েনামলনে এবং প্রস্রাব কর েওযু করলনে তখন উসামা বনি যায়দে (রাঃ) বললনে: ইয়া রাসূলুল্লাহ্? তখন তনি িবললনে: নামায সামন।ে"[সহহি বুখারী (১৬৬৯) ও সহহি মুসলমি (১২৮০)] নবী সাল্লাল্লাহু আলাইহ িওয়া সাল্লাম এভাবইে থাকলনে। মুযদালফিাত েপৌঁছ েতনি িনামায আদায় করলনে। এশার নামাযরে ওয়াক্ত প্রবশে করার পর তনি িমুযদালফিাত েপৌঁছছেনে। তনি িমাগরবি ও এশার নামায জময়ে-তাখরি (বলিম্ব েএকত্রীকরণ) কর েআদায় করছেনে।

চার:

কছিু কছিু মানুষ এশার নামাযরে ওয়াক্ত পার হয় েগলেওে মুযদালফিাত েনা পৌঁছার কারণ েমাগরবি-এশার নামায আদায় করনে না। এট িজায়যে নয়; বরং হারাম ও কবরিা গুনাহ। কারণ কুরআন-হাদসিরে দললিরে ভত্তিত,ি নামাযক েতার নর্িদষি্ট সময় থকে েবলিম্ব েআদায় করা হারাম। আল্লাহ্ তাআলা বলনে: "নর্িধারতি সময় েনামায আদায় করা মুমনিদরে উপর অবশ্য কর্তব্য।"[সূরা নসিা, আয়াত: ১০৩] নামাযরে এ সময়সীমা নবী সাল্লাল্লাহু আলাইহ িওয়া সাল্লাম স্পষ্টভাব েব্যাখ্যা করছেনে। আল্লাহ্ তাআলা বলনে: "য েব্যক্ত িআল্লাহ্র সীমারখো লঙ্ঘন কর েস েনজিরে উপর অত্যাচার কর।ে"[সূরা ত্বালাক, আয়াত: ১] আল্লাহ্ তাআলা আরও বলনে: "আর যারা আল্লাহ্র সীমারখো লঙ্ঘন কর েতারাই যালমি।"[সূরা বাক্বারা, আয়াত: ২২৯] অতএব, হাজীসাহবে যদ িএই আশংকা করনে য,ে মুযদালফিাত েপৌঁছার আগইে এশার নামাযরে ওয়াক্ত শষে হয় েযাব েসক্ষেত্রে েতাঁর উপর আবশ্যক হচ্ছ-ে নামায আদায় কর েনয়ো। এমনক িমুযদালফিাত েনা পৌঁছলওে; তনি িয েঅবস্থায় আছনে স েঅবস্থাতইে নামায আদায় কর েনবিনে। যদ িতনি িপদব্রজী হন তাহল েদাঁড়য়িে কয়িাম ও রুকু-সজিদাসহ নামায আদায় কর েনবিনে। আর যদ িআরোহী হন এবং নামা সম্ভবপর না হয় তাহল েগাড়ীত েথকে েহলওে নামায আদায় কর েনবিনে। এর দললি হচ্ছ েআল্লাহ্ তাআলার বাণী: "তোমরা আল্লাহ্ক েসাধ্যানুযায়ী ভয় কর।"[সূরা তাগাবুন, আয়াত: ১৬] যদওি গাড়ী থকে েনামত েনা পারার সম্ভাবনাট িএকবোরইে দূরবর্তী। কারণ প্রত্যকে মানুষই রাস্তার ডানপার্শ্ব েবা বামপার্শ্ব েনমে েনামায পড়ত েপারনে।

মোটকথা: কারো জন্য মাগরবি ও এশার নামায আদায় েএত বলিম্ব করা জায়যে হব েনা যাত েকর েএশার ওয়াক্ত শষে হয় েযায়– এই যুক্তত িয,ে তনি িসুন্নাহ্র অনুসরণ করত েচান এবং মুযদালফিাত েনা পৌঁছ েনামায পড়বনে না। কনেনা এত দরেী করাটা সুন্নাহ্র বরখলোফ। যহেতেু রাসূল সাল্লাল্লাহু আলাইহ িওয়া সাল্লাম দরেী করছেনে ঠকি; তব েতনি িওয়াক্তরে মধ্য

নামায আদায় করেছেন।

পাঁচ:

কিছু কিছু হাজীসাহেব ফজরের নামাযের ওয়াক্ত হওয়ার আগেই নামায পড়ে ফেলেন। নামায পড়েই তারা রওয়ানা হয়ে যান। এটি মারাত্মক ভুল। কারণ ওয়াক্ত হওয়ার আগে নামায আদায় করলে নামায কবুল হবে না। বরং তা হারাম কাজ। কেননা সেটি আল্লাহ্‌র সীমারেখার লঙ্ঘন। যেহেতু নামাযের ওয়াক্ত নির্ধারিত। শরিয়ত ওয়াক্তের শুরু ও শেষ নির্ধারণ করে দিয়েছে। অতএব, কারো জন্য ওয়াক্ত হওয়ার আগে নামায আদায় করা জায়েয নয়।

এ কারণে হাজীসাহেবের উপর আবশ্যক হল এ বিষয়ে সাবধান থাকা এবং ফজরের ওয়াক্ত হওয়া নিশ্চিত হওয়ার পর বা প্রবল ধারণা হওয়ার পর ফজরের নামায আদায় করা। এটা ঠিক যে, মুযদালিফাতে ফজরের নামায আগে আগে আদায় করা বাঞ্ছনীয়। কেননা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আগে আগে আদায় করেছেন। কিন্তু এর অর্থ এ নয় যে, ওয়াক্ত হওয়ার আগে নামায পড়া হবে। সুতরাং এ ব্যাপারে হাজীসাহেবগণ সতর্ক থাকুন।

ছয়:

কিছু কিছু হাজীসাহেব মুযদালিফাতে কিছুমাত্র সময়ও অবস্থান না করে মুযদালিফা ত্যাগ করেন। আপনি দেখবেন, তিনি চলার মধ্যেই আছেন এবং অতিক্রম করে যাচ্ছেন; থামছেন না। তিনি বলেন: অতিক্রম করে যাওয়াই তো যথেষ্ট। এটি মহা ভুল। কারণ অতিক্রম করা যথেষ্ট নয়। বরং সুন্নাহ্‌ প্রমাণ করে যে, হাজীসাহেব মুযদালিফাতে ফজরের নামায পড়া পর্যন্ত অবস্থান করবেন। এরপর আল-মাশআরুল হারামের নিকটে অবস্থান করে খুব ফর্সা হওয়া (খুব ফর্সা হওয়া দ্বারা উদ্দেশ্য হচ্ছে- সূর্যোদয়ের পূর্বে দিনের আলো ছড়িয়ে পড়া) পর্যন্ত আল্লাহ্‌র কাছে দোয়া করবেন। এরপর মীনার উদ্দেশ্যে মুযদালিফা ত্যাগ করবেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর পরিবারের মধ্যে যারা শারীরিকভাবে দুর্বল ছিলেন তাদেরকে রাত থাকতেই মুযদালিফা ত্যাগ করার অনুমতি দিয়েছেন। আসমা বিনতে আবু বকর (রাঃ) চন্দ্র অস্ত যাওয়ার অপেক্ষায় থাকতেন। চন্দ্র অস্ত গেলে তিনি মুযদালিফা হতে মীনার উদ্দেশ্যে রওয়ানা হতেন।

(ওজরগ্রস্তদের) আগে চলে যাওয়ার সময়টা চন্দ্র অস্ত যাওয়ার সাথে নির্দিষ্ট করা বাঞ্ছনীয়। কেননা এটা একজন সাহাবীর আমল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর পরিবারের যারা দুর্বল ছিলেন তাদেরকে রাতে মুযদালিফা ত্যাগ করার অনুমতি দিয়েছেন; কিন্তু রাতের কখন তারা মুযদালিফা ত্যাগ করবে সেটা তিনি স্পষ্ট করেননি। এ সাহাবীর এ আমল সে অস্পষ্টতাকে স্পষ্ট করে দিচ্ছে। তাই দুর্বল ও অন্য যাদের জন্য মানুষের ভিড়ে গমন করা কষ্টকর তাদের মুযদালিফা ত্যাগ করার জন্য এ সময়টিকে তথা চন্দ্র অস্ত যাওয়াকে নির্দিষ্ট করা বাঞ্ছনীয়। মাসের ১০ তারিখ রাতের চন্দ্র নিশ্চিতভাবে মধ্যরাতের পরেই অস্ত যাবে এবং তখন রাতের প্রায় দুই তৃতীয়াংশ কেটে যাবে।

সাত:

কছিু কছিু মানুষ মুযদালফিার রাত নামায আদায়, কুরআন তলোওয়াত ও যকিরিরে মাধ্যমে কাটায়। এটি সুন্নাহ বরিোধী। কনেনা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ঐ রাতে এ ধরণরে কোন ইবাদত করনেনি। বরং সহহি মুসলমিে জাবরে (রাঃ) থকেে বর্ণতি হাদসিে এসছেে য,ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এশার নামায আদায় করার পর ফজর হওয়া পর্যন্ত বশি্রাম করছেনে। ফজর হওয়ার পর তনিি ফজররে নামায আদায় করছেনে। এ হাদসি প্রমাণ করে য,ে ঐ রাতে কোন তাহাজ্জুদরে নামায, ইবাদত বন্দগেী, তাসবহি, যকিরি-আযকার বা কুরআন তলোওয়াত নইে।

আট:

কছিু কছিু হাজীসাহবে সূর্যোদয় পর্যন্ত মুযদালফিাতে অবস্থান করনে এবং মুযদালফিাতে ইশরাকরে নামায আদায় করনে; এরপর রওয়ানা হন। এটওি ভুল। কনেনা তা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামরে আদর্শরে খলোফ এবং মুশরকিদরে আদর্শরে মতোবকে। কারণ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মুযদালফিা থকেে আকাশ ভালভাবে ফর্সা হওয়ার পর সূর্যোদয়রে আগইে রওয়ানা হয়ছেনে। আর মুশরকিরো সূর্যোদয় পর্যন্ত অপক্ষো করত।

অতএব, যে ব্যক্তি সূর্যোদয় পর্যন্ত সময় আল্লাহ্র ইবাদত হসিবেে অপক্ষো করবে সটো মুশরকিদরে সাথে সাদৃশ্য হয়ে যাবে এবং সাইয়্যদেুল মুরসালনি এর সুন্নতরে খলোফ হব।ে